

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD



শৃংখলা পরিদপ্তর


পানি ভবন (লেভেল-৭)

৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫

ফোনঃ ০২২২২২৩০০৭৬

dir.discipline.bwdb@gmail.com

ওয়েব সাইট: www.bwdb.gov.bd



Directorate of Discipline

Pani Bhaban (Level-7)

72, Green Road, Dhaka-1205

Phone : 02222230076

dir.discipline.bwdb@gmail.com

Website: www.bwdb.gov.bd

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-৪৭৫

তারিখঃ ১৩-০৯-১৪৩০ ঃ

২৮-১২-২০২৩ খ্রিঃ

দপ্তরাদেশ


জনাব দীপক রঞ্জন দাশ (পরিচিতি নং-৮১১১২৬০০১), সাবেক নির্বাহী প্রকৌশলী, বরিশাল পণ্ডর বিভাগ, বাপাউবো, বরিশাল বর্তমানে নির্বাহী প্রকৌশলী, সিলেট পণ্ডর বিভাগ, বাপাউবো, সিলেট এর বিরুদ্ধে বরিশাল পণ্ডর বিভাগে কর্মরত থাকাকালীন “বরিশাল জেলার সদর উপজেলায় কীর্তনখোলা নদীর ভাঙ্গন হতে চরবাড়িয়া এলাকা রক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পে কাজের গুণগত মান ও পরিমাণ টাঙ্কফোর্স সদস্য কর্তৃক গত ১৮-১২-২০২১ খ্রিঃ তারিখে পরিদর্শনকালে দৈবচয়ন ভিত্তিতে যাচাইকল্পে প্যাকেজ নং-BSL/2018-19/CB/WD-03 এবং BSL/2018-19/CB/WD-04 এর সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক BWDB Laboratory, Barishal এ জমাকৃত সিসি ব্লকসমূহের এবং টাঙ্কফোর্স কর্তৃক টেস্টের জন্য বাছাইকৃত ৯টি সিসি ব্লকের স্থিরচিত্রের মধ্যে গড়মিলের বিষয়টি পরিলক্ষিত হয়। তাছাড়া, কার্য সাইট হতে ব্লক টেস্ট ল্যাবরেটরিতে বিলম্বে পরিবহন ও ৯ টি সিসি ব্লকের স্থিরচিত্রের মধ্যে গরমিল সংক্রান্ত অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও ৪৮(খ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-২৮৮ তারিখঃ ০৫-০৯-২০২৩ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব দীপক রঞ্জন দাশ, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-৩৫২ তারিখঃ ১৯-১০-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব দীপক রঞ্জন দাশ, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব দীপক রঞ্জন দাশ, নির্বাহী প্রকৌশলী, সিলেট পণ্ডর বিভাগ, বাপাউবো, সিলেটকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


(মোঃ নোমান ফরিদ)

পরিচালক

পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-৪৭৫(৮)

তারিখঃ ১৩-০৯-১৪৩০ ঃ

২৮-১২-২০২৩ খ্রিঃ

সদস্য অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পণ্ডর সার্কেল, বাপাউবো, বরিশাল।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, বরিশাল পণ্ডর বিভাগ, বাপাউবো, বরিশাল।
৭. জনাব দীপক রঞ্জন দাশ, নির্বাহী প্রকৌশলী, সিলেট পণ্ডর বিভাগ, বাপাউবো, সিলেট।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ২৭২৬
সিস্টেম এনালিস্ট
সেভেম্বর ১/২
সহকারী সিস্টেম এনালিস্ট ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহকারী-কম্পিউটার
মুদ্রাকারিক

তারিখঃ ২০/১২/২৩
মহাপরিচালক/অতিরিক্ত
মহাপরিচালক
মহাপরিচালক
মহাপরিচালক
মহাপরিচালক
মহাপরিচালক

শেখ মোঃ আবদুল খালেদ
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১